

দূরে দাঁড়ায়ে আছে, কেন আসে না কাছে ।
ওলো যা, তোরা যা সখী, যা শুধা গে,
ওই আকুল অধর আঁখি কী ধন যাচে ॥
ছি, ওলো ছি, হল কী, ওলো সখী ।
লাজবাঁধ কে ভাঙিল, এত দিনে শরম টুটিল !
কেমনে যাব, কী শুধাব ।
লাজে মরি, কী মনে করে পাছে ।
ওলো যা, তোরা যা সখী, যা শুধা গে,
ওই আকুল অধর আঁখি কী ধন যাচে ॥

Parjaay: Mayar-Khela, Taal: Kaharwa/ Dadra, Raag: Bhairav-Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail